

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লটঃ ই-১৩ বি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
ওয়েব: www.pppo.gov.bd



রেকর্ড নং: ০৩.১১.০০০০.৮৫৯.০৫.০০৮.২২-২৮২৮

তারিখ: ০৯ পৌষ ১৪৩০
২৪ ডিসেম্বর ২০২৩

বিষয়ঃ পিপিপি কর্তৃপক্ষের সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর - ডিসেম্বর, ২০২৩)।

পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক অক্টোবর - ডিসেম্বর, ২০২৩ মেয়াদে সম্পাদিত সিটিজেনস চার্টার সংক্রান্ত কার্যক্রম নিম্নরূপ:

১. পিপিপি কর্তৃপক্ষের ২০২৩-২০২৪ অর্থবছরে অক্টোবর - ডিসেম্বর, ২০২৩ মেয়াদে সেবা প্রদান প্রতিশুতি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং বিভিন্ন শাখার আওতাধীন সেবাসমূহ/কার্যক্রমসমূহ সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদান করা হচ্ছে কি না তা পরিবীক্ষণের লক্ষ্যে গত ২৯ নভেম্বর ২০২৩ তারিখে পিপিপি কর্তৃপক্ষের কর্মকর্তাদের সমন্বয়ে পরিবীক্ষণ কমিটির সভা অনুষ্ঠিত হয়।
২. অনুষ্ঠিত সভায় পরিবীক্ষণ কমিটির সদস্যগণ কর্তৃক সিটিজেনস চার্টার পর্যালোচনা করা হয় এবং বিভিন্ন কার্যক্রম ও সেবাসমূহ প্রদানে সিটিজেনস চার্টার পুর্ণানুপূর্ণভাবে পর্যালোচনা করা হয়। পর্যালোচনাকালে বিভিন্ন শাখা কর্তৃক প্রকল্প ক্ষেত্রে সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণকালে দেখা যায় যে, চলতি ত্রৈমাসিকে স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত দুইটি, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ হতে প্রাপ্ত একটি এবং পায়রা বন্দর কর্তৃপক্ষ হতে প্রাপ্ত দুইটি প্রকল্পের ক্ষেত্রে সভা পিপিপি কর্তৃপক্ষের সভাকক্ষে অনুষ্ঠিত হয় যা সিটিজেনস চার্টারে উল্লিখিত ০৯ কার্যদিবসের মধ্যে সম্পাদিত হয়েছে। তাছাড়া, সিটিজেনস চার্টারে উল্লিখিত সেবাসমূহ নির্ধারিত সময় সীমার মধ্যে প্রদান করা হচ্ছে এবং সেবার মান উন্নয়নে নিয়মিত ভাবে পরিবীক্ষণ কমিটি কর্তৃক পর্যালোচনা করা হচ্ছে।
৩. পিপিপি কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ অর্থবছরে, পিপিপি কর্তৃপক্ষের প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব) মহোদয়ের সভাপতিতে গত ৩০ নভেম্বর ২০২৩ তারিখে সেবা প্রদান প্রতিশুতি বিষয়ে স্টেকহোল্ডারের সমন্বয়ে ২য় অবহিতকরণ সভা পিপিপি কর্তৃপক্ষের সভাকক্ষে আয়োজিত হয়েছে।
৪. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে পিপিপি কর্তৃপক্ষের সিটিজেন চার্টার হালনাগাদকরণের পাশাপাশি গত ০৩ ডিসেম্বর ২০২৩ তারিখে পিপিপি কর্তৃপক্ষের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড এবং অফিসের বাইরে ব্যানার আকারে প্রদর্শন করা হয়েছে।

জনাব শরীফা হক
পরিচালক (অর্থ)

সদস্য
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি
পিপিপি কর্তৃপক্ষ

জনাব মোঃ আলী আজম আল আজাদ
পরিচালক (পিএমএনএফ)

সদস্য
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি
পিপিপি কর্তৃপক্ষ

জনাব মোকলেছুর রহমান
পরিচালক (প্রশাসন)

সদস্য
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি
পিপিপি কর্তৃপক্ষ

জনাব মোহাম্মদ আব্দুল আওয়াল
পরিচালক (আইপি)

ও
সদস্য সচিব
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি
পিপিপি কর্তৃপক্ষ

জনাব মোঃ আবুল বাসার
মহাপরিচালক (পিএনআইপি)

ও
আহবায়ক
সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি
পিপিপি কর্তৃপক্ষ

24/12/23

28/12/2026